



# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারী ২০, ১৯৯২

৮ম খণ্ড

বেসরকারী ব্যক্তি এবং করপোরেশন কর্তৃক অর্থের বিনিয়য়ে জারীকৃত বিজ্ঞাপন  
ও নোটিশসমূহ

জাতীয় শিক্ষাকুম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিবাল বাণিজ্যিক এলাকা

পাঠ্যপুস্তক ভবন, ঢাকা।

প্রজাপন

তারিখ, ১৩ই নভেম্বর, ১৯৯১/২৮শে বাতিক, ১৩৯৮

এস. আর. ও নং ৩৫০-আইন/৯১—National Curriculum and Textbook Board Ordinance, 1983 (LVII of 1983) এর Section ১৯-এ প্রদত্ত ক্ষমতাবলে Board  
সরকারের পূর্ব অনুমতিকুমো, নিয়োজিত প্রবিধানমালা প্রগরাম করিল, যথাঃ—

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিরনাম ও প্রযোগ।—(১) এই প্রবিধানমালা জাতীয় শিক্ষাকুম ও  
পাঠ্যপুস্তক বোর্ড এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা জাতীয় শিক্ষাকুম ও পাঠ্যপুস্তক বোর্ড এর সকল সার্বক্ষণিক/  
কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ হইতে প্রেষণে  
নিয়োজিত অথবা চুক্তি বা খণ্ডকালীন ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই  
প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরী শর্তে স্পষ্টভাবে উল্লিখিত  
না থাকিলে, ইহা প্রযোজ্য হইবে না।

(২০)

মূল্য : টাকা ৪.০০

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিন্তু বা থাকিলে এই প্রিধানমালার—

- (ক) “অসদাচরণ” বলিতে চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন, আচরণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে যথা:—

  - (১) উর্ধতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যবরণ;
  - (২) কর্তব্য গুরুতর অবহেলা;
  - (৩) কোন আইনসংগত কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ এর কোন আদেশ, পরিপন্থ এবং নির্দেশাবলীর প্রতি অবজ্ঞা প্রদর্শন; এবং
  - (৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাহীন, বিরতিকর, মিথ্যা ও অসার অভিযোগ সম্মালিত দরখাস্ত পেশ করা।

- (খ) “অধ্যাদেশ” বলিতে National Curriculum & Textbook Board Ordinance, 1983 (LVII of 1983)-কে বুঝাইবে:
- (গ) উপযুক্ত কর্তৃপক্ষ বলিতে সংঘিষ্ঠিত কায়াদি নিপত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে বোর্ড কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে;
- (ঘ) “কর্তৃপক্ষ” বলিতে বোর্ড কিংবা বোর্ড এর ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত চেয়ারম্যান বা কোন সদস্য বা সচিবকে বুঝাইবে।
- (ঙ) “কর্মকর্তা” বলিতে বোর্ড এর কোন কর্মকর্তাকে বুঝাইবে;
- (চ) “কর্মচারী” বলিতে বোর্ড এর ষে-কোন কর্মচারীকে, অস্থায়ী বা স্থায়ী যাহাই হউক বুঝাইবে, এবং ষে-কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ছ) “তফসিল” বলিতে এই প্রিধানমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;
- (জ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে বোর্ডকে বুঝাইবে এবং কোন নিয়িন্ত পদে নিয়োগের জন্য বোর্ড কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) “পদ” বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বুঝাইবে;
- (ঙ) “পদার্থন” বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্তব্যস্থল ত্যাগ করা, অথবা ষাট দিন বা তদুর্ধ সময় যাবত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্য অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ষাট দিন বা তদুর্ধ সময় পুনঃ অনুমতি প্রাপ্ত ব্যতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশত্যাগ করা এবং ত্রিশ দিন দিন বা তদুর্ধ সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ষাট দিন বা তদুর্ধ সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে;

- (ট) “বিজ্ঞাপন” বলিতে ব্যাপক প্রচারের উদ্দেশ্যে পত্রিকা বা অন্যান্য গল মাধ্যমে প্রকাশিত বিজ্ঞাপনকে বুঝাইবে;
- (ভ) “বোর্ড” বলিতে অধ্যাদেশের section 3 এর অধীনে প্রতিষ্ঠিত কোন বোর্ড;
- (ঙ) “শিক্ষানবিস” বলিতে কোন স্থানী শৃণ্য পদের বিপরীতে শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন কর্মচারীকে বুঝাইবে; এবং
- (চ) “সম্মানী” বলিতে মাঝে মাঝে প্রয়োজন হয় এইরূপ বিশেষ বা কষ্টসাধ্য কাজের স্বীকৃতিবৰূপ অনাবর্তক ধরণের নগদ পুরস্কারকে বুঝাইবে।

### বিতীয় অধ্যায়

#### সরাসরি নিয়োগ

৩। সরাসরি নিয়োগ দান।—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ জাতের জন্য উপযুক্ত বিবেচিত হইবে না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা
- (খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রূতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিযুক্ত হইবেন না, যদি তাহার প্রয়ো-  
জনীয় যৌগিকতা না থাকে এবং তাহার বয়ঃসীমা তফসিলে বণিত বয়ঃসীমার মধ্যে না  
হয়।

(৩) কোন পদেই সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

- (ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা-পর্যন্ত বা চিকিৎসা কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যায়ন করেন;
- (খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব কার্যকলাপ ঘৰায়োগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, প্রজাতত্ত্ব এর চাকুরীতে নিয়োগ জাতের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদ উক্ত বিজ্ঞাপনের মাধ্যমে পুরণ করা  
হইবে এবং বিভিন্ন সময়ে এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে সরকারের জারীকৃত কোটা  
সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

(৫) কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে বোর্ড কর্তৃক নিযুক্ত বাছাই  
কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগদান করা হইবে।

৪। শিক্ষানবিসি।—(১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ছয় মাসের জন্য শিক্ষানবিস থাকিবেন :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া যে-কোন ব্যক্তির ক্ষেত্রে উভয় মেয়াদ অতিরিক্ত অনুর্ধ্ব ছয় মাসের জন্য রাঙ্কি করিতে পারিবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিসকাল মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং বিভিন্ন সময়ে বোর্ড কর্তৃক নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ প্রাপ্তি করিয়া থাকেন।

### তৃতীয় অধ্যায়

#### চাকুরীর সাধারণ শর্তাবলী

৫। যোগদানের সময়।—(১) অন্য চাকুরীসহলে বদলীর ক্ষেত্রে কোন ন্যূনতম পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথাঃ—

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন; এবং

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পছান প্রমাণে প্রক্রিতপক্ষে অতিবাহিত সময়ঃ তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে বক্সের দিন গণনা করা হইবে না।

(২) কোন বিশেষ ক্ষেত্রে বোর্ড উপ-প্রবিধান (১) এর অধীনে প্রাপ্ত যোগদানের সময় ট্রাস বা রাঙ্কি করিতে পারিবে।

(৩) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য বদলী হইলে, অথবা চাকুরীসহল পরিবর্তন করিতে হয় এমন কোন ন্যূনতম পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার পূর্বতন চাকুরীসহল অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন, এই দুইয়ের মধ্যে যে স্থান কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয় সে স্থান হইতে তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৪) যদি কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য চাকুরীসহলে, বা এক পদ হইতে অন্য পদে, যোগদানের অন্তর্ভুক্তিকালীন সময় ছুটি প্রাপ্তি প্রাপ্তি করেন, তবে তাহার দায়িত্বভার হস্তান্তর করিবার পর হইতে যে সময় অতিবাহিত হয় তাহা, মেডিকেল সার্টিফিকেট পেশ করিয়া ছুটি প্রাপ্তি প্রাপ্তি না করিলে, ছুটির অন্তর্ভুক্ত হইবে।

৬। বেতন ও ভাত্তা।—সরকার বিভিন্ন সময়ে যেরূপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাত্তা সেরূপ হইবে।

৭। প্রারম্ভিক বেতন।—(১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উভয় পদের জন্য নির্ধারিত বেতনকুমৰের সর্বনিম্ন বেতনই হইবে তাহার প্রারম্ভিক বেতন।

(২) সংশ্লিষ্ট বাস্তির বিশেষ মেধার স্বীকৃতিপ্রাপ্ত তাহাকে, উপরোক্ত বাছাই কমিটির সুপারিশ ভিত্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় যে নির্দেশাবলী জারি করে তদনুসারে বোর্ড এর কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

৮। পদোন্নতির ক্ষেত্রে বেতন।—কোন কর্মচারীর পদোন্নতির ক্ষেত্রে যে পদে তাহাকে পদোন্নতি প্রদান করা হয় সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনকুমৰে সর্বনিম্ন স্তরে তাঁহার বেতন নির্ধারিত হইবে এবং উক্ত সর্বনিম্ন বেতন অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত ক্ষেত্রের বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য প্রাপ্ত বেতনকুমৰে তাহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

৯। বেতন বর্ধন।—(১) বেতন রাঙ্গি স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত বেতন বর্ধন মঙ্গুর করা হইবে।

(২) যদি বেতন রাঙ্গি স্থগিত রাখা হয়, তাহা হইলে উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয়, স্থগিতকারী কর্তৃপক্ষ তাহা উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য বোর্ড কোন কর্মচারীকে একসংগে অনধিক দুইটি বিশেষ বেতন বর্ধন মঙ্গুর করিতে পারিবেন।

(৫) যেক্ষেত্রে কোন বেতনকুমৰ দক্ষতা-সীমা নির্ধারিত রাখিয়াছে, সেক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের সুনির্দিষ্ট মঙ্গুরী বাতীত তাহার দক্ষতা-সীমার অব্যবহিত উপরের বেতন রাঙ্গি অনুমোদন করা যাইবে না। এইরূপ মঙ্গুরীর ক্ষেত্রে প্রতিবেদনকারী কর্মকর্তার এই মর্মে সুপারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজকর্ম ছিল দক্ষতা-সীমা অতিক্রম করার জন্য উপযুক্ত।

১০। জ্যোত্তা।—(১) এই প্রিধানের অন্যান্য বিধানাবলী সাগেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যোত্তা সেই পদে তাহার ঘোগদানের তারিখ হইতে গগনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাদের মেধা তালিকা অনসারে সংশ্লিষ্ট বাছাই কমিটি যে সুপারিশ করেন সেই সুপারিশের ভিত্তিতে নিয়োগ-কারী কর্তৃপক্ষ উক্ত কর্মচারীদের পারস্পরিক জ্যোত্তা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যোত্ত হইবেন।

(৪) যেক্ষেত্রে একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হয় সেক্ষেত্রে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে জ্যোত্তার ভিত্তিতে তাহাদের পারস্পরিক জ্যোত্তা স্থির করা হইবে।

(৫) বোর্ডের সচিব ইহার কর্মচারীদের প্রেতওয়ারী জ্যোত্তা তাজিকা রক্ষণাবেক্ষণ করিবেন এবং সময় সময় তাহাদের অবগতির জন্য প্রকাশ করিবেন।

(৬) কর্মচারীদের ক্ষেত্রে The Government Servants (Seniority of Freedom Fighters) Rules, 1979 এর বিধানসমূহ, উহাতে প্রয়োজনীয় সংশোধনসহ, প্রযোজ্য হইবে।

১১। পদোন্নতি।—(১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবলমাত্র জ্যোত্তার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতির দাবী করিতে পারিবে না।

(৩) টাকা ৩৭০০—৪৮২৫ ও তদূর্ধ বেতনকুমের পদসমূহে পদোন্নতি মেধা—তথা জ্যোত্তার ভিত্তিতে হইবে।

(৪) কোন কর্মচারীকে, তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্যান্বিষ্টি এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার কারণে ব্যতিকুমী ক্ষেত্র হিসাবে, পালা অতিকুম করতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

১২। প্রেষণ ও পূর্বস্থত্ব।—(১) উপ-প্রবিধান-(২) এর বিধান সাপেক্ষে, বোর্ড যদি মনে করে যে উহার কোন কর্মকর্তার পারদশিতা তৎকর্তৃক গৃহীত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন কর্পোরেশন, অতঃপর হাওলাত প্রহংকারী কর্পোরেশন বলিয়া উল্লিখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে বোর্ডের চেয়ারম্যান এবং হাওলাত প্রহংকারী কর্পোরেশনের মধ্যে পারস্পরিকভাবে সম্মত মেয়াদে ও শর্তাধীনে হাওলাত প্রহংকারী কর্পোরেশনের অনুরূপ বা সদৃশ পদে কর্মরত থাকিবার জন্য কোন কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে:

তবে শর্ত থাকে যে কোন কর্মকর্তাকে তাহার সম্মতি ব্যতিরেকে হাওলাত প্রহীতা কর্পোরেশনে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) কোন পাবলিক কর্পোরেশন বোর্ড এর কোন কর্মকর্তার চাকুরীর আবশ্যিকতা রয়েছিলে বলিয়া বোধ করিলে (অতঃপর হাওলাত প্রহংকারী কর্পোরেশন বলিয়া উল্লিখিত) বোর্ড এর চেয়ারম্যান এর নিকট অনুরূপ আবশ্যিকতার কারণ বর্ণনা করিয়া অনুরোধ জানাইবেন এবং অনুরোধ প্রাপ্তির পর বোর্ডের চেয়ারম্যান উত্তর কর্মকর্তার সম্মতি লইয়া হাওলাত প্রহংকারী কর্পোরেশন কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবেন।

(৩) উপ-প্রবিধান (২)তে যাহা বলা হইয়াছে তাহা সঙ্গেও প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ—

- (ক) প্রেষণের সময়কাল, ব্যতিকুমী ক্ষেত্র ছাড়া, তিনি বৎসরের অধিক হইবে না;
- (খ) বোর্ড এর চাকুরীতে কর্মকর্তার পূর্বস্থত্ব থাকিবে এবং প্রেষণের সময়কাল শেষ হইবার পর অথবা তৎপূর্বেই ইহার অবসান ঘটিলে তিনি বোর্ডের চাকুরীতে প্রত্যাবর্তন করিবেন;

(গ) হাওলাত প্রাচীতা কর্পোরেশন কর্মকর্তার ডিষ্ট্রিক্ট উচ্চবিজ্ঞ ও পেনশন উচ্চবিজ্ঞ, যদি থাকে, তবে উহাতে অর্থ পরিশোধের নিয়চয়তা বিধান করিবে।

(৮) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে, তিনি পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে তাহার পদোন্নতির বিষয় অন্যান্যদের সংগে একত্র বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করার জন্য তাহাকে বোর্ডের চাকুরীতে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৯) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে বোর্ড তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথসময়ে ফেরত না আসেন, তবে পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা তাহার প্রকৃত ঘোগদানের তারিখ হইতে গগনা করা হইবে।

(১০) যদি কোন কর্মকর্তাকে হাওলাত প্রাচীতা কর্পোরেশনের স্বার্থে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে কোন আর্থিক সুবিধা ছাড়া Next below rule অনুযায়ী পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে।

(১১) শৃঙ্খলামূলক ব্যবস্থার বাপারে হাওলাত প্রাচীতা কর্পোরেশন প্রেষণে কর্মরত কর্মকর্তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যকুম সূচনা করার উদ্দেশ্যে বোর্ড এর ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শৃঙ্খলামূলক কার্যকুম প্রহল সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত প্রহলকারী কর্পোরেশন বোর্ডের চেরারম্যানকে অবিজ্ঞ অবহিত করিবে।

(১২) প্রেষণে কর্মরত কোন কর্মকর্তার বিরুদ্ধে সূচিত শৃঙ্খলামূলক কার্যধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত প্রহলকারী কর্পোরেশন যদি এইরূপ মত পোষণ করে যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত কর্পোরেশন উহার রেকর্ডসমূহ বোর্ডের নিকট প্রেরণ করিবেন এবং অতঃপর বোর্ড ঘেইরূপ প্রযোজন বলিয়া মনে করেন সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়

ছুটি, ইত্যাদি

১৩। বিভিন্ন প্রকারের ছুটি।—(১) কোন কর্মচারী নিষ্পন্নবণিত যে-কোন ধরণের ছুটি পাইবেন, যথাঃ—

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অস্বাভাবিক ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগ্রোধ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি; এবং
- (জ) নৈমিত্তিক ছুটি।

(২) উপস্থুত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অঙ্কমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি বাতৌত অনাবিধ ছুটি মঙ্গুর করিতে পারেন এবং ইহা বছের দিনের সহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩) বোর্ড এর পূর্ব অনুমোদন লইয়া উপস্থুত কর্তৃপক্ষ বিশেষ অঙ্কমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঙ্গুর করিতে পারেন।

১৪। পূর্ণ বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্ত এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) অজিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে, তাহা ছুটির হিসাবের অন্য খাতে জমা দেখানো হইবে, উহা হইতে ডাক্তারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে অথবা বাংলাদেশের বাহিনী ধর্মীয় সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিত্ত-বিনোদনের জন্য পূর্ণ বেতনে ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

১৫। অর্ধ বেতনে ছুটি।—(১) প্রত্যেক কর্মচারী তৎকর্তৃক দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে অর্ধ বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরপ ছুটি জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) অর্ধ বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে ডাক্তারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, এক দিনের পূর্ণ বেতনে ছুটির হারে গড় বেতনে ছুটিকে সর্বোচ্চ বার মাস পর্যন্ত পূর্ণ বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে।

১৬। প্রাপ্তবিহীন ছুটি।—(১) ডাক্তারী সার্টিফিকেট দ্বারা সমর্থিত হইলে, কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত এবং অন্য কোন কারণে হইলে, তিন মাস পর্যন্ত অর্ধ বেতনে ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(২) যখন কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার পূর্বেই প্রাপ্তবিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসেন তখন তিনি পূর্বেই যে ছুটি ভোগ করিয়াছেন সেই ছুটি অজিত না হওয়া পর্যন্ত নৃতনভাবে গড় অর্ধ বেতনে কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

১৭। অসাধারণ ছুটি।—(১) যখন কোন কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে, বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী জিখিতভাবে অস্বাভাবিক ছুটির জন্য আবেদন করেন তখন তাহাকে অসাধারণ ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(২) অসাধারণ ছুটির মেয়াদ একবারে তিন মাসের অধিক হইবে না তবে নিম্ন-বনিত ক্ষেত্রে উভয় ছুটির মেয়াদ বধিত করা যাইতে পারে,—

(৩) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে, বিদেশে প্রশিক্ষণ প্রাপ্তদের অনুমতি প্রাপ্ত হন যে, উভয় প্রশিক্ষণ প্রাপ্তদের পরে পাঁচ বৎসরের জন্য তিনি বোর্ড এ চাকুরী করিবেন; অথবা

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন অথবা

(গ) যে ক্ষেত্রে বোর্ড এই মর্মে সন্তুষ্ট হয় যে, কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বিহীন কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) ছুটি মঙ্গুর করার ক্ষমতাসম্পদ কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ভূতাপেক্ষ ব্যবহৃতভাসহ অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারেন।

১৮। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।—(১) কোন কর্মচারী তাঁহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে অথবা তাঁহার পদে অধিবৃত্ত থাকিবার কারণে আঘাতপ্রাপ্ত হইয়া অক্ষম হইলে, বোর্ড তাঁহাকে বিশেষ অক্ষমতা ছুটি মঙ্গুর করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয় সেই অক্ষমতা তিন মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে ব্যক্তি অক্ষম হন, সেই ব্যক্তি অনুরূপ অক্ষমতার কারণে অবিলম্বে বোর্ড কে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া চিকিৎসা পরিষদ প্রত্যয়ন করিবে সেই মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে, এবং চিকিৎসা পরিষদের প্রত্যয়ন ব্যক্তিরেকে তাহা বিধিত করা হইবে না; এবং উক্ত ছুটি কোন ক্রমেই ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে।

(৫) যদি একই ধরণের অবস্থায় পরবর্তীকালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা যাইবে, তবে অনুরূপ ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না এবং তাহা যে কোন একটি অক্ষমতার কারণে মঙ্গুর করা যাইবে।

(৬) শুধুমাত্র আনুভোবিকের এবং যে ক্ষেত্রে অবসর ভাত্তা প্রাপ্ত হয় সেক্ষেত্রে অবসর ভাত্তার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিয়োজন করা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ যথাঃ—

(ক) উপরিউক্ত উপ-প্রবিধান (৫) এর অধীনে মঙ্গুরূপ ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চার মাসের জন্য পূর্ণ বেতন; এবং

(খ) এইরপ কোন ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ বেতন।

(৮) এই প্রিধানের অন্যান্য বিধানসমূহের প্রয়োজনীয় এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে, যিনি তাহার ব্যাধির কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণতিতে, অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে দুর্ঘটনাবশতঃ আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা যিনি নিমিত্ত কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক বুকি বহিভৃত অসুস্থতা বা জখম বাঢ়াইয়া তোলার সঙ্গাবন্ধ থাকে এইরূপ অসুস্থতার দরুণ অক্ষম হইয়াছেন।

১৯। সংগ্রোধ ছুটি।—(১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক ব্যাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয় তবে যে সময়ের জন্য উত্তম্রূপ নির্দেশ কার্যকর থাকে সেই সময়কাল হইবে সংগ্রোধে ছুটি।

(২) অফিস প্রধান কোন চিকিৎসক কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সাটি'ফিকে-টের ভিত্তিতে অনুধ ২১ দিন অথবা অস্বাস্থ্য অবস্থায় ৩০ দিনের জন্য সংগ্রোধ ছুটি মঙ্গুর করিতে পারেন।

(৩) সংগ্রোধের জন্য প্রয়োজনীয় উপ-প্রিধান (২)-এ উল্লেখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে উহা সাধারণ ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) এই প্রিধানমালা অনুযায়ী প্রাপ্য সর্বাধিক ছুটি সাপেক্ষে, প্রয়োজন হইলে অন্যাধিক ছুটির সহিত সংগ্রোধ ছুটিও মঙ্গুর করা যাইতে পারে।

(৫) সংগ্রোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্ব পালনে অনু-পস্থিত বলিয়া গণ্য করা হইবে না, এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আকৃত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২০। প্রসূতি ছুটি।—(১) কোন কর্মচারীকে পূর্ণ বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রসূতি ছুটি মঙ্গুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রসূতি ছুটি মঙ্গুর অনুরোধ কোন নিবন্ধিত চিকিৎসক, বর্তৰ ক সমাখ্যত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনামতে কর্মচারীর প্রাপ্য অন্য যে কোন ছুটির সহিত একত্রে বা সম্প্রসারিত করিয়া মঙ্গুর করা যাইতে পারে।

(৩) বোর্ড এ চাকুরী জীবনে কোন কর্মচারীকে দুইবারের অধিক প্রসূতি ছুটি মঙ্গুর করা যাইবে না।

২১। অবসর প্রাপ্তের জন্য প্রস্তুতিমূলক ছুটি।—(১) কোন কর্মচারী ছয় মাস পর্যন্ত পূর্ণ বেতনে এবং আরও ছয় মাস অর্থ বেতনে অবসর প্রাপ্তিমূলক ছুটি পাইবেন এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর প্রাপ্তের প্রাপ্তি অতিকুম করার পরোও সম্প্রসারিত করা যাইতে পারে, কিন্তু আটাম বৎসরের বয়স-সীমা অতিকুমের পর উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর প্রহণের তারিখের কমপক্ষে এক মাস পূর্বে অবসর প্রহণের প্রতিমূলক ছুটির জন্য আবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর প্রহণের তারিখের পর তামাদি হইয়া থাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর প্রহণের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসর প্রহণের জন্য প্রতিমূলক ছুটিতে থাইবেন।

২২। অধ্যয়ন ছুটি।—(১) বোর্ড এ তাহার চাকুরীর জন্য সহায়ক এইরূপ বৈজ্ঞানিক কার্যালয়ি বা অনুরূপ সমস্যাদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশ প্রহণের জন্য কোন কর্মচারীকে বোর্ড অর্ধ বেতনে অনধিক বার মাস অধ্যয়নের জন্য ছুটি মঙ্গুর করিতে পারেন, যাহা তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঙ্গুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঙ্গুরীকৃত ছুটির মেয়াদ তাহার শিক্ষা কোর্স ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সে ক্ষেত্রে সময়ের অর্ধতা পুরণকল্পে বোর্ড তাহাকে অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারেন।

(৩) পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনাবেতনে অসাধারণ ছুটির সহিত একক্ষে অধ্যয়ন ছুটি মঙ্গুর করা যাইতে পারে, তবে এইরূপে মঙ্গুরীকৃত ছুটি কোন-কুমোট একক্ষে মোট দুই বৎসরের অধিক হইবে না।

২৩। নৈমিত্তিক ছুটি।—সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট ঘটদিন নৈমিত্তিক ছুটি নির্ধারণ করিবেন কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৪। ছুটির পদ্ধতি।—(১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব বোর্ডের পক্ষে বোর্ডের সচিব কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন বোর্ডের পক্ষে বোর্ডের সচিব কর্তৃক নির্ধারিত ফরমে হইতে হইবে।

(৩) আবেদনকারী কর্মচারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন তাহার সুপারিশ-কর্মে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঙ্গুর করিতে পারেন।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি আনুষ্ঠানিক মঙ্গুরী আদেশ সাপেক্ষে, তাহাকে অনুর্ধ ১৫ দিনের জন্য ছুটিতে থাইবার অনুমতি দিতে পারেন।

২৫। ছুটিকালীন বেতন।—(১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্ধ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্ধ হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

২৬। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।—ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেগাদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তজব করা যাইতে পারে এবং তাহ কে অনুরূপভাবে তজব করা হইলে, তিনি যে কর্মসূলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রাওয়ানা হওয়ার তারিখ হইতে তাহাকে কর্মসূল বলিয়া গণ্য করা হইবে এবং এই এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য তিনি ভ্রমণ ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৭। ছুটির নগদায়ন।—যে কর্মচারী অবসর ভাতা বা ভবিষ্য তহবিলের সুবিধা প্রাপ্তির জন্য সিঙ্কান্ত অথগ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাকুরীকালের জন্য সর্বাধিক বার মাস পর্যন্ত প্রতি বৎসরে প্রত্যাখ্যাত ছুটির ৫০% ভাগ নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন।

(২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্রবিধান (১)-এ উল্লেখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

#### পঞ্চম অধ্যায়

২৮। ভ্রমণ ভাতা ইত্যাদি।—কোন কর্মচারী বাংলাদেশের অভ্যন্তরে তাহার দায়িত্ব পালনার্থ ভ্রমণকালে বা বদলী উপলক্ষে ভ্রমণকালে, সরবরাহ কর্তৃক উহার কর্মচারীদের জন্য সময়ে সময়ে নির্ধারিত হার ও শর্তাবলী অনুযায়ী ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা পাইবার অধিকারী হইবেন।

২৯। সময়ানী, ইত্যাদি।—(১) বোর্ড উহার কোন কর্মচারীকে, সাময়িক প্রয়োজন কর্ম-সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম-সম্পাদনের জন্য সময়ানী অর্থ বা নগদ অর্থ বা পুরুষার প্রদানের ঘোষিতকৃত থাকিলে উক্ত সময়ানী বা পুরুষার প্রদান করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সময়ানী বা নগদ অর্থ পুরুষার মজুর করা হইবে না, যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক তাহা সুপারিশ না করা হয়।

৩০। দায়িত্ব ভাতা।—কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১ দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর কোন পদের দায়িত্ব পালন করিলে তাহাকে মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে দায়িত্ব ভাতা প্রদান করা হইবে।

৩১। বোনাস।—সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জয়ীকৃত সরকারী আদেশ মোতাবেক বোর্ড এর কর্মচারীগণকে উৎসব ভাতা ও বোনাস প্রদান করা যাইতে পারে।

### ষষ্ঠ অধ্যায়

#### চাকুরীর রুভান্ত

৩২। চাকুরীর রুভান্ত।—(১) পৃথক পৃথকভাবে প্রত্যেক কর্মচারীর জন্য চাকুরীর রুভান্ত রক্ষণাবেক্ষণ করা হইবে এবং বোর্ডের সচিব কর্তৃক নির্দিষ্ট চাকুরী বহি সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবার তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইবৰ্ষে দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঞ্চিক ও সম্পূর্ণ বিজিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি পরিদর্শনকালে উহাতে কোন ভুগ বা বিলুপ্তি দেখিতে পান, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য গনের দিনের মধ্যে বিষয়টি নিখিলভাবে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তার দলিলগোচর করিবেন।

৩৩। বাধিক প্রতিবেদন।—(১)—বোর্ডের চেয়ারম্যান কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বাধিক প্রতিবেদন প্রণয়ন গঠন প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদন বাধিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে; এবং বোর্ড এর কোন কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রয়োজন হইলে তাহাও চেয়ারম্যান চাহিতে পারিবেন।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিরুদ্ধ মন্তব্য থাকিলে, উহার কৈফিয়ত প্রদানের কিংবা তাহার নিজের সংশোধনের সুযোগ দেওয়ার জন্য তাঁহাকে তৎসম্পর্কে অবহিত করা হইবে।

### সপ্তম অধ্যায়

#### সাধারণ আচরণ ও শুঁখলা

৩৪। আচরণ ও শুঁখলা।—(১) প্রত্যেক কর্মচারী—

(ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন;

(খ) যে ব্যক্তি বা ব্যক্তিগোরে এখতিয়ার, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন তাহার বা তাহাদের দ্বারা সময়ে সময়ে প্রদত্ত সরকার আদেশ ও নির্দেশ পালন এবং মানিয়া চলিবেন; এবং

(গ) সততা ও অধ্যবসায়ের সহিত বোর্ড এর চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী—

(ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে ঠাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং প্রজাতত্ত্ব এর স্বার্থের পরিপন্থী কোন কার্য-কলাপে নিজেকে জড়িত করিবেন না;

- (খ) তাহার অব্যবহিত উর্ধতন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না;
- (গ) বোর্ড এর সহিত লেন-দেন রহিয়াছে কিংবা লেন-দেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন বাতিনের নিকট হইতে কোন দান প্রহণ করিবেন না;
- (ঘ) কোন বীমা বেস্পানীর এজেন্ট হিসাবে বাজ করিবেন না;
- (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন বাতিনে প্রতিনিধি হিসাবে অনুরূপ কোন ব্যবসায়ের পরিচালনা করিবেন না;
- (চ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে, বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী প্রহণ করিবেন না; এবং
- (ছ) সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধ ব্যতীত অন্য কোন খণ্ডকালীন কার্যের দায়িত্ব প্রহণ করিবেন না।
- (৩) কোন কর্মচারী বোর্ড এর নিকট বা উহার কোন সদস্যের নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না; কোন নিবেদন থাকলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।
- (৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে বোর্ড এর বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা বাহিরের কোন প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।
- (৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন বেসরকারী/সরকারী বাতিনে শরণাপন হইবেন না।
- (৬) কোন কর্মচারী বোর্ড এর বিষয়াদি সম্পর্কে সংবাদপত্র বা অন্য কোন গণ-মাধ্যমের সহিত কোন ঘোগাঘোগ স্থাপন করিবেন না।
- (৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগতভাবে খণ্ডস্থতা পরিহার করিবেন।

৩৫। দণ্ডের ভিত্তি।—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী,—

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দারে দোষী হন; অথবা
- (খ) অসদাচরণের দারে দোষী হন; অথবা
- (গ) পজায়নের দারে দোষী হন; অথবা
- (ঘ) অদৃশ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন; অথবা

- (গ) নিম্নবর্ণিত কারণে দুর্নীতিপরায়ণ হন বা যুক্তিসংগতভাবে দুর্নীতিপরায়ণ বলিয়া বিবেচিত হন; যথাঃ—
- (১) তিনি বা তাঁহার কোন পোষা বা তাঁহার মাধ্যমে বা তাঁহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়োর উৎসের সহিত অসংগতি-পূর্ণ এইরূপ অর্থসম্পদ বা সম্পত্তি দখলে রাখেন বোর্ডকে ঘাষা অর্জনের ঘোষিতকৰ্তা দেখাইতে তিনি বার্থ হন;
  - (২) তাহার প্রকাশ্য আয়োর সংগে সংগতি রক্ষা না করিয়া জীবনযাপন করেন; অথবা
  - (৩) চুরি, আঙ্গসাং, তহবিল তসরুফ বা প্রতারণার দায়ে দোষী হন; অথবা
  - (ছ) কর্তৃপক্ষের বিরুদ্ধে নাশকতামূলক কার্যে লিপ্ত হন; বা অনুকূপ কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের সহিত সংঘাতে রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তি-সংগত কারণ থাকে যে উভয় অন্যান্য ব্যক্তিগণ কর্তৃপক্ষের বিরুদ্ধে নাশকতা-মূলক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং তাহাকে চাকুরীতে রাখা জাতীয় নিরাপত্তার প্রতি ক্ষতিকর বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উভয় কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করিতে পারেন।

৩৬। দণ্ডসমূহ।—(১) এই প্রবিধানের অধীনে নিম্নোক্ত দণ্ডসমূহ আরোপযোগ্য হইবে, যথাঃ—

- (অ) লঘু দণ্ড—
  - (ক) তিরকার;
  - (খ) নিদিষ্ট যোদাদের জন্য পদোন্নতি বা বেতন বর্ধন সংগৃহণ রাখা;
  - (গ) ৭ দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন;
- (আ) গুরুদণ্ড—
- (ঘ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্ন স্তরে অব-নতকরণ;
  - (ঙ) কর্মচারী কর্তৃক সংঘাতিত বোর্ড এর আধিক ক্ষতির অংশবিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদার-করণ;
  - (চ) চাকুরী হইতে অপসারণ; এবং
  - (ছ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) চাকুরী হইতে অপসারণের ক্ষেত্রে নহে, বরং চাকুরী হইতে বরখাস্তের ক্ষেত্রে তবিষ্যতে কোন বিধিবদ্ধ সংস্থায় চাকুরী প্রাপ্তির অযোগ্য বলিয়া প্রতিপন্ন হইবে।

৩৭। ধর্মসাধাক কার্যকর্মাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) প্রবিধান ৩৫(ছ) অনুসারে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

- (ব) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উভ আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার প্রাপ্য ছুটিতে ঘাইবার জন্য নির্দেশ দিতে পারেন;
- (খ) লিখিত আদেশ দ্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা প্রহণের প্রস্তাব করেন, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা প্রহণের ডিতিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত করিবেন; এবং
- (গ) উপ-প্রবিধান (২) এর অধীনে অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির নিকট প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দশাইবার জন্য তাহাকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে বোর্ড এই মর্মে সন্তুষ্ট হন যে বাংলাদেশের নিরাপত্তার স্বার্থে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে, সেক্ষেত্রে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে না।

(২) যে ক্ষেত্রে, উপ-প্রবিধান ১ (গ) অনুসারে তদন্ত কমিটি হয়, সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ, অভিযুক্ত কর্মচারীর পদমর্যাদার নিম্নে নহেন এমন তিন জন কর্মচারীর সমন্বয়ে, তদন্ত কমিটি গঠন করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আবারে পেশ করিবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ উভ প্রতিবেদনের উপর যেকোণ উপযুক্ত রঙিয়া মনে করিবেন সেইরূপ নির্দেশ প্রদান করিবেন।

৩৮। জয় দণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—(১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি অভিমত পোষণ করেন যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরঙ্গার অপেক্ষা কঠোরতর কোন দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবেন এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির সাতটি ব্যক্তিগতসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন বিনা তাহা জানাইবার জন্য নির্দেশ প্রদান করিবেন; এবং
- (খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবেন, এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ দেওয়ার পর অথবা, নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইকল সময়ের মধ্যে তাহাকে জয় দণ্ড প্রদান

করিতে পারেন যাহাতে অভিযুক্ত ব্যক্তিকে লিখিতভাবে অভিযোগ সম্পর্কে অবহিত করার তারিখ হইতে বিশিষ্টি কার্যদিবসের মধ্যে সমগ্র কার্যক্রম সমাপ্ত হয় :

তবে শর্ত থাকে যে, নিমিত্ত সময় অতিবাহিত হওয়ার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি অতিরিক্ত সময়ের জন্য আবেদন করেন, তবে কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে কৈফিয়াত পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত উক্ত সময় রাখিব অনুমতি প্রদান করিতে পারিবেন :

তবে আরও শর্ত থাকে যে, তদন্তকারী কর্মকর্তা যদি নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করিতে না পারেন, তবে তিনি তদন্তের আদেশদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে সময় রাখিব জন্য অনুরোধ করিবেন এবং আদেশদান-কারী কর্তৃপক্ষ অনুরোধটি বিবেচনার পর, প্রোজেক্ট মনে করিলে, অতিরিক্ত পনেরোটি কার্যদিবসের জন্য উক্ত সময় রাখি মঙ্গুর করিতে পারেন।

